ঢাকা ওয়াসা

১। ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার কপি।
২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত বিভাগীয় দরের সাথে অতিরিক্ত ১৫% দর বৃদ্ধির কপি।
৩। খসড়া নকশার কপি।
৪। ক্যালকুলেশন শিটের কপি।
৫। প্রাক্কলনের কপি।

Name of Work:- Construction of Inter DMA chamber 211 to DMA 212 and construction of related water line Under MODS Zone-2, Dhaka WASA.

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন ডিএমএ-২১২ এর এলাকাসমূহে বিশেষ করে কেবি রুদ্র রোড, নন্দ কুমার দত্ত লেন, চুরিহাট্টা, নুর বক্স লেন, খাজে দেয়ান লেন ও চকবাজার এলাকার কিছু অংশ প্রতি বছরের শুষ্ক মৌসুমে পানির সমস্যা দেখা দেয়। শুষ্ক মৌসুমে গভীর নলকূপগুলোর উৎপাদন হ্রাস পাওয়া ও প্রচন্ড তাপদাহের কারণে সংশ্লিষ্ট ডিএমএ এর বাউন্ডারী এলাকা ও পকেট এলাকায় পানির সমস্যা দেখা দেয়। ডিএমএ-২১২ এর এলাকাটি ঘনবসতি পূর্ণ ও উক্ত ডিএমএ এলাকায় শুধু মাত্র ০৩ (তিন) টি গভীর নলকূপ চলমান আছে। যার কারণে শুষ্ক মৌসুম আসলেই গভীর নলকূপগুলোর উৎপাদন হ্রাস পাওয়া ও প্রচন্ড তাপদাহে পানির চাহিদা বৃদ্ধি পাওয়ার কারণে সংশ্লিষ্ট এলাকায় পানির সমস্যা দেখা দিতে পারে। ডিএমএ-২১১ এ পানির প্রেসার ভালো কিন্তু উক্ত ডিএমএ এর সাথে ডিএমএ-২১২ এর কোন আন্তঃসংযোগ না থাকায় সংশ্লিষ্ট এলাকায় পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে না। তৎপ্রেক্ষিতে ডিএমএ-২১২ এর কেবি রুদ্র রোডে ১৬০ মিমি ব্যাসের এইচডিপিই পানির লাইনের সাথে ডিএমএ-২১১ এর ২১০ মিমি ব্যাসের এইচডিপিই পানির লাইনের আন্তঃসংযোগ কাজ করা হলে উক্ত এলাকায় পানির সমস্যা সমাধান করা যেতে পারে। উপরোক্ত বর্ণনার আলোকে চকবাজার, কেবি রুদ্র রোড এলাকায় পানির লাইনের আন্তঃসংযোগ ও ইন্টার ডিএমএ চেম্বার স্থাপন করার জন্য কাজের প্রকৃতি অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমান দাঁড়াইয়াছে = ৪, ৯১, ৯৪৭.০০ (চার লক্ষ একানব্বই হাজার নয়শত সাতচল্লিশ) টাকা মাত্র। বিভাগীয় দরের অতিরিক্ত ১৫ শতাংশ বেশি ধরে প্রাক্কলন প্রনয়ন করা হয়েছে যাহা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটির খরচ ২০২৪-২০২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-০৫ WL5 এ LTM পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন রয়েছে।

০২। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে "Construction of Inter DMA chamber 211 to DMA 212 and construction of related water line Under MODS Zone-2, Dhaka WASA." এর কাজটি দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট = ৪, ৯১, ৯৪৭.০০ (চার লক্ষ একানব্বই হাজার নয়শত সাতচল্লিশ) টাকা মাত্র এর প্রাক্কলনটি LTM পদ্ধতিতে দরপত্র আহবান সহ অনুমোদন দেয়া যেতে পারে, যাহা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

AE | EE | SE(MODS-1)

১৪/০৫/২৫
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

14.05.2025
সোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা

14/5/2025
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

৩ অনুমোদন করুন।

১৪/০৫/২৫

EE/2-2

CS CamScanner

০৪। অনুচ্ছেদ-৩ এর প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-১ মহোদয়ের সাথে নির্বাহী প্রকৌশলীর আলোচনা হয়েছে। আলোচনা অনুযায়ী নথিটি পুনরায় উপস্থাপন করা হলো। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে "Construction of Inter DMA chamber 211 to DMA 212 and construction of related water line Under MODS Zone-2, Dhaka WASA." এর কাজটি দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট = ৪, ৯১, ৯৪৭.০০ (চার লক্ষ একানব্বই হাজার নয়শত সাতচল্লিশ) টাকা মাত্র এর প্রাক্কলনটি LTM পদ্ধতিতে দরপত্র আহবান সহ অনুমোদন দেয়া যেতে পারে, যাহা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

AE EE SE(MODS-1)

১৫/০৫/২৫
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

15.05.2025
সোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা

15/5/2025
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

৫। ঢাকা জোন-৬ কে সম্পৃক্ত করে কাজটি সম্পাদন করার শর্তে, অনু-৪ মোঃ প্রস্তাব সহ অনুমোদন দেয়া যেতে পারে।

১৫/০৫/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE
অনুমোদিত

১৮/০৫/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

CamScanner